মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ও গ্রাফিতি-চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ এবং গ্রাফিতি ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার জেলা পর্যায়ের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমির আয়োজনে এ পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রাহীমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট ও ক্রেস্ট তুলে দেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, শুধু শ্রেণিকক্ষে প্রথম, দ্বিতীয় বা তৃতীয় হওয়াই প্রকৃত শিক্ষা নয়; মানুষের মতো মানুষ হয়ে ওঠাই প্রকৃত শিক্ষা। তিনি বলেন, চিত্রাঙ্কন, গ্রাফিতি, কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতার মতো আয়োজন একজন শিক্ষার্থীর সৃজনশীলতা বিকাশের অন্যতম মাধ্যম। এসব প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের চিন্তা-চেতনা, সমাজের চাহিদা, আকাঙ্ক্ষা ও প্রতিবাদের ভাষা সবার সামনে তুলে ধরতে পারে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতিম শীল।

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে অনুষ্ঠিত উপস্থিত বক্তৃতা, বিতর্ক, রচনা, কুইজ, হামদ-নাত, কোরআন তেলাওয়াত, দেশাত্মবোধক গান, রবীন্দ্রসঙ্গীত, নজরুলসঙ্গীত, লোকসঙ্গীত, একক অভিনয়, চিত্রাঙ্কন ও গ্রাফিতি প্রতিযোগিতার জেলা পর্যায়ের বিজয়ীদের মাঝে সার্টিফিকেট ও ক্রেস্ট বিতরণ করা হয়।

এ সময় জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (ГПК) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

রফিকুল আলম বকুল

জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উপলক্ষে মেহেরপুর সদর উপজেলায় কলেজ পর্যায়ে (কারিগরি) শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক হিসেবে সম্মাননা পেয়েছেন মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক এপেক্সিয়ান রফিকুল আলম বকুল।

বৃহস্পতিবার দুপুরে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা প্রশাসন ও মাধ্যমিক শিক্ষা অফিসের আয়োজনে শিক্ষা সপ্তাহের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতীম শীল এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলামের হাত থেকে তিনি সম্মাননা ক্রেস্ট ও সনদ গ্রহণ করেন। এ সময় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মনিরুল ইসলামসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

রফিকুল আলম বকুল একজন দক্ষ স্কাউটার। তিনি বাংলাদেশ স্কাউটসের রোভার শাখার একজন উডব্যাজার। এছাড়া তিনি মেহেরপুর জেলা রোভার স্কাউটসের সাবেক কোষাধ্যক্ষ ও সহকারী কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন। বর্তমানে তিনি মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজ রোভার স্কাউটস গ্রুপের ইউনিট লিডার।

তিনি প্রতিষ্ঠানের একজন জনপ্রিয় শিক্ষক। শিক্ষার্থীদের কাছে অত্যন্ত প্রিয় এই শিক্ষক ২০১৯ সালে উপজেলা পর্যায়ে, ২০২২ সালে উপজেলা ও জেলা পর্যায়ে এবং ২০২৪ সালেও উপজেলা ও জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচিত হন। তিনি কলেজের বিভিন্ন জাতীয় দিবস ও শিক্ষামূলক অনুষ্ঠানে উপস্থাপক ও সঞ্চালক হিসেবেও দায়িত্ব পালন করে থাকেন। পাশাপাশি তিনি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের একজন পরীক্ষক ও নিরীক্ষক।

শিক্ষকতার পাশাপাশি তিনি শিক্ষা ও রোভারিং বিষয়ক লেখালেখির সঙ্গেও যুক্ত। তিনি যৌথভাবে এইচএসসি (বিএম) হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-২ (দ্বিতীয় পত্র) বই রচনা ও সম্পাদনা করেছেন।

আইসিটি ক্ষেত্রেও তিনি অত্যন্ত দক্ষ। জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (বগুড়া) থেকে আইসিটিতে একাধিক কোর্স সম্পন্ন করেছেন। এছাড়া ব্যানবেইসের অধীনে আইসিটি প্রশিক্ষণ গ্রহণ করেছেন

এবং এটুআই আইসিটি ডিভিশনের মাধ্যমে বিভিন্ন অনলাইন প্রশিক্ষণও সম্পন্ন করেছেন। তিনি জাতীয় শিক্ষক বাতায়নের একজন সক্রিয় সদস্য।

এছাড়াও তিনি বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনের সঙ্গে যুক্ত। তিনি ‘কিশোরের ডাক’, কসবা ব্লাড ব্যাংক সোসাইটি ও গাংনী পাবলিক লাইব্রেরির উপদেষ্টা। আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠন এপেক্স ক্লাব জেলা-০৬-এর গভর্নর ও ন্যাশনাল বোর্ড মেম্বার হিসেবেও দায়িত্ব পালন করছেন। জাতীয় স্বেচ্ছাসেবী সংগঠন বসুন্ধরা শুভ সংঘের মেহেরপুর জেলা সভাপতি হিসেবেও দায়িত্বে রয়েছেন তিনি।

এদিকে একই প্রতিষ্ঠান থেকে কারিগরি পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত হয়েছেন কলেজের অধ্যক্ষ শাহী উদ্দীন এবং কলেজ পর্যায়ে (কারিগরি) শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচিত হয়েছেন একাদশ শ্রেণির শিক্ষার্থী ফারজানা আক্তার স্নিগ্ধা।

জাতীয় শিক্ষা সপ্তাহে মাধ্যমিকে জেলার শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক দিলারা আফরোজ

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে মাধ্যমিক পর্যায়ে জেলার শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলার বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক দিলারা আফরোজ।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, চলতি বছর উপজেলা পর্যায়ে তীব্র প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে গাংনী উপজেলায় শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচিত হন তিনি। পরে জেলার তিনটি উপজেলার নির্বাচিত তিনজন শিক্ষকের মধ্য থেকে শিক্ষাগত যোগ্যতা, শিক্ষকতা অভিজ্ঞতা, প্রশ্নপত্র প্রণয়ন দক্ষতা, চারিত্রিক দৃঢ়তা, আইসিটি জ্ঞান, সহযোগিতামূলক মনোভাব, পাঠ্যপুস্তক প্রণয়নসহ মোট ১২টি মানদণ্ডের ভিত্তিতে জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের নির্ধারিত বিচারক প্যানেল তাকে জেলা পর্যায়ে শ্রেষ্ঠ হিসেবে নির্বাচিত করে।

দিলারা আফরোজ বীর মুক্তিযোদ্ধা আব্দুল বারিকের জ্যেষ্ঠ কন্যা। সংসার জীবনে প্রবেশের পরও তিনি অদম্য পরিশ্রম ও অধ্যবসায়ের মাধ্যমে এসএসসি, এইচএসসি, বিএ, এমএ ও বিএড ডিগ্রি অর্জন করেন। পরিবারের বড় সন্তান হিসেবে চার বোনের পড়াশোনা ও পারিবারিক দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করে আসছেন।

শিক্ষকতার পাশাপাশি তিনি একজন দক্ষ অনুষ্ঠান উপস্থাপক। বিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠান ও জাতীয় দিবসে নিয়মিত অনুষ্ঠান সঞ্চালনা করেন। উপজেলা ও জেলা পর্যায়ে তিনি মাস্টার ট্রেইনার হিসেবেও দায়িত্ব পালন করছেন। শিক্ষকতা ও সংসার সামলানোর পাশাপাশি তিনি নিয়মিত লেখালেখি করেন বিভিন্ন জাতীয় দৈনিকে।

সাহিত্যচর্চায়ও রয়েছে তার উল্লেখযোগ্য অবদান। তিনি উপন্যাস ‘দহনের দিন’, কাব্যগ্রন্থ ‘দহনের দিন’, এবং যৌথ কাব্যগ্রন্থ ‘দহনের কাব্য’, ‘বাংলার উদীয়মান কবি’ ও ‘সমকালের কবিকণ্ঠ’ রচনা করেছেন। তার কবিতায় প্রকৃতি ও জীবনবোধের প্রতীকী প্রকাশ লক্ষণীয়।

১৯৭৫ সালের ২৩ অক্টোবর জন্মগ্রহণকারী দিলারা আফরোজ বই পড়া ও সংগ্রহে আগ্রহী। ব্যক্তিগত উদ্যোগে একসময় তিনি নিজ বাড়িতে বয়স্ক ও নিরক্ষর নারীদের বিনামূল্যে স্বাক্ষরজ্ঞান শিক্ষা দিতেন এবং বই-খাতা সরবরাহ করতেন। করোনাকাল পরবর্তী সময়ে সেই কার্যক্রম বন্ধ থাকলেও তার সামাজিক অবদান আজও প্রশংসিত।

২০২২ সালে আন্তর্জাতিক নারী দিবসে গাংনী উপজেলায় তিনি শ্রেষ্ঠ সংগ্রামী নারী পুরস্কার অর্জন করেন।

ব্যক্তিজীবনে তিনি কৃষি ব্যাংকের উজলপুর শাখার ব্যবস্থাপক মো. আল আমিনের সহধর্মিণী। তিনি দুই কন্যা সন্তানের জননী। বড় মেয়ে ডা. মাহজাবীন শাহীদি ঐশি এমবিবিএস সম্পন্ন করে বর্তমানে খুলনার একটি বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালে মেডিকেল অফিসার হিসেবে কর্মরত। ছোট মেয়ে মুবাসসারাহ শাহিদী এশা নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে আর্কিটেকচার বিভাগে অধ্যয়নরত।

মাধ্যমিক পর্যায়ে জেলার শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচিত হওয়ায় দিলারা আফরোজকে অভিনন্দন জানিয়েছেন জেলার শিক্ষক সমাজসহ বিভিন্ন মহল।

জাতীয় শিক্ষা সপ্তাহে

চুয়াডাঙ্গা জেলার শ্রেষ্ঠ

রোভার আল মুতাকাব্বির সাকিব

জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার মধ্যে শ্রেষ্ঠ রোভার ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের হিসাববিজ্ঞান বিভাগের ছাত্র এবং চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব।

চুয়াডাঙ্গা সদর উপজেলা পর্যায়ের পর এবার জেলা পর্যায়েও তিনি শ্রেষ্ঠত্ব অর্জন করেন। এ নিয়ে জেলা পর্যায়ে চতুর্থবারের মতো শ্রেষ্ঠ রোভারের খ্যাতি অর্জন করে বিভাগীয় পর্যায়ের জন্য মনোনীত হয়েছেন তিনি।

আল মুতাকাব্বির সাকিব চুয়াডাঙ্গা সদর উপজেলার হায়দারপুর গ্রামের বিশিষ্ট ব্যবসায়ী ও সাবেক মেম্বার শহিদুল ইসলামের পুত্র। তার এই সাফল্যের পেছনে চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ ও বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান এবং তার অভিভাবকসহ সকল শিক্ষাগুরুর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি। বিভাগীয় ও জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারেন এই কামনায় সকলের নিকট দোয়া চেয়েছেন।

জাতীয় শিক্ষা সপ্তাহে

মেহেরপুরের নাফিউল ইসলামের শ্রেষ্ঠত্ব অর্জন

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় একাধিক বিষয়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন মেহেরপুর সরকারি কলেজের স্নাতক তৃতীয় বর্ষের শিক্ষার্থী মোঃ নাফিউল ইসলাম।

তিনি নির্ধারিত বক্তৃতা, উপস্থিত বক্তব্য (একক) এবং তাৎক্ষণিক অভিনয় এই তিনটি বিভাগেই শ্রেষ্ঠত্ব অর্জন করে বিভাগীয় পর্যায়ের জন্য মনোনীত হয়েছেন।

এর আগে গত ০৮ জানুয়ারি ২০২৬ তারিখে উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখেন মোঃ নাফিউল ইসলাম। পরবর্তীতে ১২ জানুয়ারি ২০২৬ জেলা পর্যায়েও তিনি কৃতিত্বের সঙ্গে শ্রেষ্ঠত্ব অর্জন করে নিজের মেধা ও প্রতিভার স্বাক্ষর রাখেন।

মোঃ নাফিউল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামের বাসিন্দা। তিনি ওই গ্রামের মোঃ ফয়েজ শেখের পুত্র।
তার এই সাফল্যে পরিবার, শিক্ষকবৃন্দ, সহপাঠী ও এলাকাবাসীর মধ্যে আনন্দ ও গর্বের অনুভূতি বিরাজ করছে।

মেহেরপুরে জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের উদ্যোগে সদর উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টায় মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিল মিলনায়তনে এ প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল

ইসলাম উপস্থিত থেকে আনুষ্ঠানিকভাবে প্রতিযোগিতার উদ্বোধন করেন।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম।

জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে আয়োজিত এ প্রতিযোগিতায় সদর উপজেলার বিভিন্ন বিদ্যালয় ও কলেজের শিক্ষার্থীরা প্রায় ৪০টি ইভেন্টে অংশগ্রহণ করছে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আক্তার হোসেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুল ইসলাম, উপজেলা সমাজসেবা অফিসার আনিসুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও শিক্ষকবৃন্দ।